
# RESTAURANT MANAGER
# CHECK-IN RESOURCE PACKET

## রেস্তোরাঁ ম্যানেজারদের কর্মচারী সম্বন্ধীয় তথ্যপঞ্জি

ম্যানেজারেরা এই বিপদের সময় তাঁদের কর্মচারীদের ত্রাণকর্তা হয়ে উঠতে পারেন। এইখানে রেস্তোরাঁর ম্যানেজারদের জন্য একটি রাষ্ট্রীয় তথ্যের সারমর্ম পাবেন যাতে আপনারা আপনাদের ফ্রন্ট ও ব্যাক অফিসের কর্মচারীদের এই কঠিন সময়ে সহায়তা করতে পারেন। আশা রাখি এই নথিপত্রটি আপনাদের প্রয়োজনীয় তথ্যের জোগান দেবে যা ব্যবহার করে আপনারা নিজ নিজ কর্মচারীদের সাহায্য করতে পারবেন, বিশেষত্ব তাঁদের যাঁরা ইংরেজিতে সড়গড় নন অথবা যাদের কাছে ইন্টারনেট পরিষেবা সর্বদা উপলব্ধ নয়।

দয়া করে মনে রাখবেন রেস্তোরাঁ ওয়ার্কার্স কমিউনিটি ফাউন্ডেশন(RWCF) একটি আইনি সংস্থা নয় এবং এই নথিপত্রের মাধ্যমে কোনো আইনি উপদেশ দেওয়া হচ্ছে না। এই নথিপত্র কেবলমাত্র মানুষের সাহায্যের জন্য তৈরি করা হয়েছে এবং এর কোনো আইনি স্বীকৃতি নেই।



# বেকার ভাতা

*বহু সপ্তাহ ধরে বেকার ভাতার জন্য আবেদন করার চেষ্টা করা সত্ত্বেও অনেক কর্মচারীরা অভিযোগ জানিয়েছেন যে তাঁরা এখনো পর্যন্ত কোনো সুবিধা পাননি। দয়া করে খবর নেবেন যে আপনার সহকর্মীরা তাঁদের প্রাপ্য ভাতা পেয়েছেন কিনা। সময় পেলে আপনি তাঁদের এই ভাতার জন্য আবেদন বা পুনার্বেদন করতে সাহায্য করুন,বিশেষত তাঁদের যাঁরা ইংরেজি ভালো জানেন না।*

এরপর থেকে সবরকম কর্মহীনতা সম্বন্ধীয় দাবী এবং সাপ্তাহিক সুবিধার আবেদন কেবলমাত্র নিজ রাজ্যের শ্রম বিভাগেই দাখিল করতে হবে। কর্মচারীদের সাহায্যের জন্য রাজ্য এবং কেন্দ্রীয় তথ্য সম্পদ নিম্নে দেওয়া হলো।

- সাধারণ বেকার বীমার তথ্যপঞ্জি
- নিজ রাজ্যের বেকারত্ব দপ্তরের ঠিকানা যার মাধ্যমে আপনি দাবী দাখিল করতে পারবেন
- এই সম্বন্ধীয় আরও তথ্য এখানে পাওয়া যাবে

# বেকার ভাতা বাবদ চেকে আমি কত টাকা আশা করতে পারি?

বেকার ভাতা বাবদ চেকে আমি কত টাকা আশা করতে পারি?
প্রতিটি রাজ্য আলাদা ভাবে বেকার ভাতা পাওয়ার যোগ্যতা ও পরিমাণ ঠিক করেছে, সাধারণত এটি গত একবছরের উপার্জনের একটি নির্দিষ্ট শতাংশের হিসাব করা হয় এবং এর একটি উচ্চসীমা আছে। কিছু রাজ্য অন্যান্যদের থেকে উদার কিন্তু সাধারণত বেকার ভাতা অতিমারীর কারণে মোট অনুপার্যিত আয়ের ৪৫%।

**উদাহরণ স্বরুপ:**

দ্যা সেঞ্চুরি ফাউন্ডেশন(The Century Foundation) মোতাবেক, আলাবামা রাজ্যে সর্বাধিক সাপ্তাহিক ভাতার পরিমান হলো $২৭৫, কিন্তু ক্যালিফর্নিয়াতে $৪৫০ এবং নিউ জার্সিতে $৭১৩।

অবশ্য, আর্থিক "স্টিমুলাস রিলিফ অ্যাক্ট" ("stimulus relief act") ২৭শে মার্চ আইনে পরিণত হয়েছে, যার ফলে কর্মহীন আমেরিকানদের বেকারত্ব বীমার পরিধি অনেকটা বেড়েছে। প্রায় সব কর্মহীন আমেরিকান নিজ রাজ্যের বেকার ভাতার উপরে ৩১শে জুলাই পর্যন্ত প্রতি সপ্তাহে $৬০০ অনুদান আশা করতে পারেন।

দ্যা নিউ ইয়র্ক টাইমস(The New York Times) কর্মপ্রেরণা (স্টিমুলাস) সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নোত্তর তৈরী করেছে যা আপনার কর্মচারীদের জন্য প্রযোজ্য হতে পারে।

# স্বাস্থ্য পরিষেবা

*অধিকাংশ রেস্তোরাঁর কর্মচারীরা কোনোরকমে স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত সুবিধা ভোগ করেন না, কিন্তু তাঁদের জানা উচিত যে তাঁরা যদি কোভিড-১৯-এর কারণে অসুস্থ হন, তাহলে তাঁরা পরীক্ষা ও শুশ্রূষার সুযোগ পেতে পারেন।*

## যদি আমার স্বাস্থ্য বীমা না থাকে আর আমার মনে হয় যে আমি কোভিড-১৯ আক্রান্ত, তাহলে আমি কি করব?

আমেরিকান হাসপাতাল এসোসিয়েশন(American Hospital Association) মোতাবেক প্রতিটি হাসপাতাল বীমা সুরক্ষা ভোগী রোগীদের মতন বীমাহীন ব্যক্তিদের একই ভাবে চিকিৎসা করা উচিত। তাঁদের পরিষেবা কেনার ক্ষমতা বিচার্য বিষয় হবে না| কিন্তু, প্রত্যেককে অনুরোধ করা হচ্ছে যাতে কিভাবে তাঁরা সবথেকে ভালো পরিষেবা পেতে পারেন, সেই সম্পর্কে উপদেশ নেন কারণ পরিষেবার বিপুল খরচ একটি চিন্তার বিষয়|

কোথায় এবং কিভাবে আমি স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত উপদেশ পেতে পারি?
যে সব মানুষ মনে করছেন যে তাঁরা অসুস্থ, তাঁদেরকে স্বাস্থ্য প্রবক্তারা রাজ্যের স্বাস্থ্য বিভাগকে ফোন করতে উৎসাহিত করছেন|

- স্বাস্থ্য বিভাগ অনেক জায়গায় স্থানীয় স্তরে টেলিফোনের হটলাইন ব্যবস্থা চালু করেছেন যেখান থেকে রোগীদের আশুকর্তব্য সম্বন্ধে জানানো হবে| আপনার কর্মচারীদের সাহায্যের জন্য নিজ রাজ্যের যোগাযোগ তথ্য এই লিংকটিতে পাবেন|
- দ্যা সেন্টার্স ফর ডিসিস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের(The Centers for Disease Control and Prevention) একটি অনলাইন “সেল্ফ চেকার”(“self checker”) পরিষেবা আছে যার সাহায্যে রোগীরা নিজেরাই সবচেয়ে ভালো ব্যবস্থা সম্বন্ধে জানতে পারেন| এই পরিষেবার মাধ্যমে আপনি আপনার কর্মচারীদের সাহায্য করতে পারবেন অথবা সরাসরি এই লিংকটি দিতে পারবেন|
- নিরাপত্তাহীন জনগোষ্ঠীদের যেমন স্বল্পআয়ের ভোগীরা, অভিবাসীবৃন্দ এবং বীমাহীন জনগণের সেবার জন্য এলাকা ভিত্তিক স্বাস্থকেন্দ্র রয়েছে| এই কেন্দ্রগুলিতে যদিও কোভিড-১৯ লক্ষণযুক্ত রোগীদের পরীক্ষা সম্ভব নয়, তা সত্ত্বেও তাঁরা এই রোগীদের সহায়তা করতে প্রস্তুত|
- আপনার কর্মচারীদের জন্য আরো তথ্য এখানে পাবেন|

## স্বাস্থ্য বীমার বিভিন্ন উপায়

আপনার যদি চাকরি চলে গিয়ে থাকে(আর তার সাথে স্বাস্থ্য বীমা-ও), অথবা আপনি আপনার স্বাস্থ্যবীমার জন্য প্রয়োজনীয় বীমার সংক্রান্ত কাগজ জমা না করে থেকে থাকেন, তাহলেও আপনার কতগুলি উপায় আছে| এটা আপনার পরিস্থিতির ওপর নির্ভর করবে যে আপনার জন্য কোন পথটি উপযুক্ত হবে| কিছু রাজ্য এবং নিয়োগকর্তারা তাঁদের নিয়মাবলী কিছুটা শিথিল করেছে যার ফলে এই অতিমারীর কারণে আপনি বীমাসংক্রান্ত কাগজ দাখিল করতে পারবেন|

আপনি হয়তো আপনার বর্তমান স্বাস্থবিমা কোবরা(COBRA) পরিষেবা মারফত চালু রাখতে পারেন কিন্তু এটা খুবই ব্যয়সাপেক্ষ| আপনার বীমাকারী সংস্থা আপনাকে জানাবে যে আপনি কোবরা পরিষেবা পেতে পারেন কিনা এবং আপনাকে ৬০ দিনের মধ্যে এই ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে|

## এসিএ ইন্সুরেন্স মার্কেটপ্লেস

আপনি যদি মেডিকেড পরিষেবা পাওয়ার যোগ্য না হন, তাহলে অ্যাফরডেবল কেয়ার অ্যাক্ট(Affordable Care Act) দ্বারা স্থাপিত রাজ্যের ইন্সুরেন্স এক্সচেঞ্জেস-এর তথ্যাবলী দেখুন| Healthcare.gov অথবা রাজ্য নিয়ন্ত্রিত এক্সচেঞ্জ দেখুন এবং একটি নতুন পলিসি বেছে নিন|

সাধারণত, বছরে একবার স্বাস্থ্যবীমা করা যায় যদি না আপনার জীবনে কোনো গুরুত্বর পরিবর্তন আসে, যেমন চাকরি খোয়ানো, বিবাহ বিচ্ছেদ অথবা নতুন কোনো বীমা বাজারে প্রবেশ করা| কিন্তু করোনাভাইরাস অতিমারীর কারণে কিছু নিয়োগকর্তা এবং রাজ্য এই আইনি বাধা শিথিল করেছে|

বীমাহীন বাসিন্দাদের এসিএ প্ল্যান-এ বীমাহীনতার কারণ বিচার না করে যোগদান করতে এখনো পর্যন্ত ১১টি রাজ্য এবং ডিস্ট্রিক্ট অফ ক্যালিফর্নিয়া অনুমতি দিয়েছে| রাজ্যগুলো হলো ক্যালিফর্নিয়া, কলোরাডো, কানেটিকাট, মেরিল্যান্ড, ম্যাসাচুসেটস, মিনেসোটা, নেভাডা, নিউ ইয়র্ক, রোড আইল্যান্ড, ভেরমোন্ট এবং ওয়াশিংটন| অনুগ্রহ করে আপনার রাজ্যের বিমাবাজারের ওয়েবসাইট দেখুন এবং প্রয়োজনীয় তথ্য আপনার কর্মচারীদের দিন|

**সন্তানদের জন্য ব্যাপ্তি:** যদি কোনো কারণে আপনি নিজের জন্য বীমার ব্যবস্থা না করতে পারেন, তাহলেও আপনার সন্তানদের জন্য এটা করা সম্ভব হতে পারে| সন্তানসম্ভবা মহিলা এবং বাচ্ছাদের জন্য আইন আলাদা| InsureKidsNow.gov হচ্ছে সন্তানরা বীমা পাওয়ার উপযুক্ত কিনা নির্ধারণ করার জন্য একটি ভালো ওয়েবসাইট|

## মানসিক স্বাস্থ্য

### আমি পদার্থের অপব্যবহার এবং নেশার থেকে মুক্তি পেতে লড়াই করছি| কিভাবে আমি সাহায্য পেতে পারি?

বেন'স ফ্রেন্ডস(Ben’s Friends) হল একটি খাদ্য এবং পানীয় শিল্প সংক্রান্ত সাহায্যকারী গোষ্ঠী যারা পদার্থের অপব্যবহার এবং নেশাগ্রস্ত পেশাদারদের আশা, সৌহার্দ, এবং পথ দেখাচ্ছে| কোভিড-১৯ অতিমারীর আগে, বেন'স ফ্রেন্ডস-দের সারা মার্কিনযুক্তরাষ্ট্রে বহু জায়গায় উপস্থিতি ছিল| বর্তমান বেন'স ফ্রেন্ডস দূর-সংযোগের মাধ্যমে সাহায্যকামী ব্যক্তিদের প্রয়োজনীয় উপদেশ দিচ্ছে|

অতিথেয়তাশিল্পের সঙ্গে যুক্ত কিছু ব্যক্তি রেস্তোরাঁ আফটার আওয়ার্স(Restaurant After Hours) স্থাপন করেন যারা এই শিল্পে যুক্ত মানসিক স্বাস্থ্য সমস্যা সম্পর্কিত চেতনার অভাব সরাসরি প্রত্যক্ষ করে| তারা বহু জায়গায় হটলাইন্স, মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সংস্থা এবং আরো অনেক কিছু স্থাপন করেছে|

## সংকটকালীন ত্রাণ তহবিল এবং অর্থনৈতিক সুরক্ষা

আপদকালে মানুষকে সাহায্য করার জন্য অনেকগুলি তহবিল উপলব্ধ আছে| এর মধ্যে অধিকাংশ তহবিল প্রতি মাসে অল্পসংখ্যক ব্যক্তিকে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছিল, কিন্তু এখন তারা হাজার হাজার আবেদনের প্রক্রিয়া করছে| অনুগ্রহ করে নিরাপত্তাহীন সহকর্মীদের আবেদন করতে উৎসাহিত করুন, কিন্তু তাঁদেরকে বুঝিয়ে বলবেন যে আবেদন করার পরে সংস্থার থেকে উত্তর পেতে কয়েক সপ্তাহ সময় লাগবে| আপনার সহকর্মীদের

সাহায্যের জন্য আবেদন করবার সময় ভাষা সম্পর্কিত সমস্যা সমাধান করবার চেষ্টা করতে পারেন| এইখানে কিছু বিলের দেয় তারিখ পেছানোর এবং দরাদরি করা সম্পর্কে তথ্য দেওয়া হয়েছে|

## আমি বিপদে রয়েছি এবং এখুনি আমার অর্থের প্রয়োজন কারণ আমি বিল জমা দিতে পারছি না| আমার জন্য কী কোনো অর্থনৈতিক উপায় আছে?

RWCF সরাসরি সাহায্য রাশি পৌঁছানোর জন্য সাদ্যার্ন স্মোক ফাউন্ডেশন-এর (SOUTHERN SMOKE FOUNDATION) সঙ্গে যৌথ উদ্যোগ করেছে| হাউস্টন-এর সাদ্যার্ন স্মোক একটি অলাভজনক 501c3 সংকটকালীন ত্রাণ সংস্থা| এই সংস্থা খাদ্য এবং পানীয় শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিদের এবং তাদের সরবরাহকারী সংস্থায় কর্মরত ব্যক্তিদের সংকটকালে সাহায্য ও সহায়তা করার জন্য তৈরি হয়েছিল| সাদ্যার্ন স্মোক সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্রে আবেনদনকারী রেস্তোরাঁর কর্মচারীদের সঙ্গে সরাসরি যোগাযোগ করে এবং তাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে সর্বাপেক্ষা দুঃস্থ ব্যক্তিদের মধ্যে অর্থ বিতরণ করে| যাঁরা RWCF-এর থেকে সরাসরি সাহায্য চান, তারা এখন থেকে সাদ্যার্ন স্মোক-এর আবেদন পত্র সংগ্রহ করে তাতে নিজ তথ্য এবং প্রয়োজন উল্লেখ করে জমা করুন| দয়া করে লক্ষ্য করবেন যে সাদের্ন স্মোক প্রতিটি ক্ষেত্রে আবেদনকারীর সংকটের গভীরতা বিচার করবে, বিশেষত যেমন চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন, গৃহহীনতা, খাদ্যের সুরক্ষা এবং আরো কিছু বিষয়কে অগ্রাধিকার দেবে|

আমরা অবগত আছি যে কিছু ব্যক্তি যাদের প্রয়োজন সর্বাধিক, তাঁরা কথ্য এবং লিখিত ভাষায় যোগাযোগ করতে অক্ষম| এর ফলে তাঁরা অনলাইন ফর্ম ভর্তি করতে অপারগ| কিন্তু আই-আর-এস-এর(IRS) নিয়মানুযায়ী আর্থিক সংকটাপন্ন ব্যক্তিকে যদি কোনো সাধারণ দানশীল সংস্থা ত্রাণ বিতরণ করে, তাহলে ওই ব্যক্তির কিছু ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে হয়| এর ফলে পরবর্তীকালে গ্রহীতার আর্থিক দুর্দশা যাচাই করা এবং কিভাবে এই রাশী খরচ হল তা পরখ করা যায়|

ক্রাফটএবেল(Craftable) এই পরিস্থিতিতে একজন সংকটাপন্ন ব্যক্তি আর যে সব তহবিলে আবেদন করতে পারেন, তার সূচি এখানে পাওয়া যাবে|

## আমি আমার ছাত্র ঋণ পরিশোধ সম্বন্ধে কী করব?

*শিক্ষা দপ্তর বহু ছাত্রদের অন্তত ৬০ দিনের জন্য ঋণ পরিশোধ থেকে অব্যাহতি দিয়েছে| কিন্তু এটা স্বয়ংক্রিয় প্রক্রিয়া নয়| সাধারণত আপনাকে আপনার ঋণ প্রদাতাকে ঋণছুটের জন্য অনুরোধ করতে হবে এবং নিশ্চিত করতে হবে আপনার ঋণের জন্য এই সুবিধাটি প্রযোজ্য কিনা| এই রেহাই বেসরকারি ছাত্র ঋণের জন্য প্রযোজ্য নয়| একটা বড় নিজ ঋণদান সংস্থা, স্যালি মায়ে(Sallie Mae) জানিয়েছে যে তারা ৩ মাস পর্যন্ত ঋণ পরিশোধ বন্ধ রেখেছে, এবং এর জন্য ঋণী ব্যক্তির ঋণ পাওয়ার যোগ্যতার কোনো ক্ষতি হবেনা|*

*কর্মপ্রেরণার প্যাকেজ-এর সহায়তায় যে কোনো রাষ্ট্রীয় ছাত্রঋণের পরিশোধ দায় ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত সংযংক্রিয় ভাবে রেহাই হয়ে যাবে| এই পরিস্থিতিতে ঋণপ্রদাতা সংস্থার সঙ্গে যোগাযোগ করা কঠিন হতে পারে, তাই আগামী কয়েক সপ্তাহে আপনি অনলাইন-এ আপনার অ্যাকাউন্ট পরীক্ষা করুন|*

## আমি কী করে আমার ইউটিলিটি বিল পরিশোধ করব?

কিছু ইউটিলিটি প্রদাতা সর্বসাধারণের জন্য ঘোষণা করেছে তাঁরা বিলের পরিমান জমা না করলেও তাঁদের পরিষেবা বন্ধ করবে না| কিন্তু বাকিরা তা করেনি| বহু ইন্টারনেট সংস্থা বসতবাড়ি অথবা ছোট ব্যবসায়ীরা, যারা তাদের বিল পরিশোধ করতে পারছে না, তাদের সেবা বন্ধ না করতে রাজি হয়েছে| সঠিক নীতি বা

উপভোক্তার করণীয় সব সংস্থার সংস্থা সংস্থা জন্য এক নয়, তাই এ বিষয়ে আপনার সাহায্য লাগলে আপনার প্রদাতা সংস্থার সঙ্গে কথা বলবেন|

## বন্ধক পরিশোধ সম্পর্কে কী হবে?

অতিমারীর জন্য আপনার যদি আর্থিক অনটন হয়ে থাকে তাহলে একটি বড় সম্ভাবনা আছে যে আপনি আপনার বন্ধক পরিশোধ করবার দায় পেছোতে পারবেন| রাষ্ট্রীয় গৃহ ঋণ সংস্থা(Federal Housing Finance Agency) গৃহ ঋণ প্রদাতাদের জানিয়েছে যে সব ঋণী ব্যক্তিদের ফ্যানি মায়ে(Fannie Mae) অথবা ফ্রেডি ম্যাক-এর(Freddie Mac) কাছে সম্পতি বন্ধক আছে, তাঁরা ঋণ পরিশোধের দায় পেছোতে পারবেন|

## আমাকে কী ভাড়া দিতে হবে?

আইনত আপনি ভাড়া দিতে বাধ্য| কিন্তু আপনি যদি খাবার, স্বাস্থ্য পরিষেবা এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত ব্যয় বহন করবার পরে ভাড়া দিতে অপারগ হন, তাহলে আপনাকে অনুরোধ করা হচ্ছে যে এর দীর্ঘ মেয়াদী পরিণতি যেমন উচ্ছেদ অথবা ঋণ সংক্রান্ত সম্মানহানি সম্বন্ধে চিন্তা করবেন|

নিউ ইয়র্ক-এ গভর্নর কুওমো ৯০ দিনের জন্য উচ্ছেদ করা স্থগিত রেখেছেন| এটা যে সকল মানুষ ভাড়া দিতে অক্ষম এবং বাড়ি থেকে উচ্ছেদ হবার দুশ্চিন্তায় ভুগছেন, তাঁদের কাছে এই বিপদের মধ্যে একটি আশীর্বাদ স্বরূপ| ক্যালিফর্নিয়া সহ অন্যান্য রাজ্যগুলি নিউ ইয়র্ক-এর দেখানো পথ অনুসরণ করছে এবং ক্যালিফর্নিয়া ৬০ দিনের জন্য উচ্ছেদ স্থগিত রেখেছে|

কিন্তু এই রেহাই মানে ভাড়া মকুব নয়; বকেয়া ভাড়া কিন্তু পরবর্তী সময়ে দিতে হবে| ভাড়াটিয়া সম্বন্ধিত উকিল এবং সম্পত্তি মালিকদের প্রতিনিধি উভয়-ই জানিয়েছে যে যেসকল ভাড়াটে কর্মচ্যুত হয়েছেন, তাঁদের উচিত বাড়িওয়ালাদের অনুরোধ করতে যেন তাঁরা তাঁদের বাড়ি ভাড়া কিছুটা হ্রাস করেন অথবা তাঁদের ভাড়াটা দেওয়ার দায় পুনর্বিন্যাস করেন|

আপনি যদি ভাড়াটিয়া হন, তাহলে এখনো পর্যন্ত সর্বোত্তম তথ্যপঞ্জী হল Justshelter.org যেখানে আপনি আপনার রাজ্যের নাম দিয়ে অনুসন্ধান করতে পারবেন| বিপদগ্রস্ত ভাড়াটিয়াদের যে সকল স্থানীয় সংস্থা উপদেশ দিতে পারে, তাদের সম্বন্ধে তথ্য এখান থেকে পাওয়া যাবে|

বাড়িওয়ালাদের সঙ্গে দরাদরি করবার জন্য হসপিটালিটি আস্টিন বেরি(Hospitality Ashtin Berry) এই ব্যবহারিক গাইড-টি সংকলন করেছেন| আস্টিন একজন প্রাক্তন বারটেন্ডার এবং রেস্তোরাঁ ম্যানেজার| তিনি এখন রেস্তোরাঁ কর্মচারীদের এবং গাঢ় বর্ণের মানুষদের জন্য পূর্ণসময়ের অ্যাডভোকেট| তিনি রাডিকাল এক্সচেঞ্জ অ্যান্ড আমেরিকা'স টেবিল-এর(Radical Xchange and America’s Table) প্রতিষ্ঠাতা|

## আমি কী করে আমার অন্যান্য ঋণ এবং ক্রেডিট কার্ড-এর দায় সামলাবো?

যেসব ক্ষতিগ্রস্ত উপভোক্তারা ঋণ পরিশোধ করতে পারছেন না, তাঁদেরকে অনেক ব্যক্তিবর্গের ঋণপ্রদাতা সংস্থা সাহায্য করছে| তাদের মধ্যে কেউ কেউ ঋণী ব্যক্তিদের বিলম্বে কিস্তি জমা দেওয়ার সুযোগ দিচ্ছে এবং অন্যরা আরো নানারকম সুযোগ সুবিধা দিচ্ছে| দয়া করে আপনার কর্মচারীদের নিজ নিজ ক্রেডিট কার্ড কোম্পানি

অথবা ব্যাঙ্ক-এর সাথে যোগাযোগ করতে বলুন এবং তাদের জানাতে বলুন যে কোভিড-১৯ অতিমারীর জন্য তাঁদের আয় হ্রাস পেয়েছে| যে সব ক্রেডিট কার্ড কোম্পানি এ বিষয়ে সাহায্য করছে, তাদের ওপর একটি নথি এখানে পাবেন|

## খাদ্য সুরক্ষা

*আপনার সংস্থায় এমন কিছু কর্মচারী থাকতে পারে যাঁরা মুদির দোকানের খরচ জোগাতে অসমর্থ| তাঁদেরকে বিভিন্ন ফুড ব্যাঙ্ক এবং আতিথেয়তা শিল্পের কর্মচারীদের জন্য স্থানীয় ব্যবস্থাগুলির সঙ্গে যোগাযোগ করতে সাহায্য করুন|*

এই মুহূর্তে বিভিন্ন প্রকার জাতীয় ফুড ব্যাঙ্ক আছে যারা খাদ্য সরবারহ করছে| আপনার জিপ কোড(Zip Code) দিলে আপনি আপনার কর্মচারীদের নিকটবর্তী ফুড ব্যাঙ্ক-এর সন্ধান পাবেন:

- https://www.feedingamerica.org/find-your-local-foodbank
- https://www.foodpantries.org
- https://www.efoodnet.org/resources/food-banks/
- এখানে সারা দেশের বিভিন্ন ফুড ব্যাঙ্ক সংস্থাদের সম্পূর্ণ সূচি আছে|

### বিশেষ করে রেস্তোরাঁর কর্মচারীদের থাওয়ানোর জন্য কোনো কার্যক্রম আছে কী?

দ্যা এলইই ইনিশিয়েটিভ রেস্টুরেন্ট ওয়ার্কার্স রিলিফ প্রোগ্রাম(The LEE Initiative Restaurant Workers Relief Program) তাদের কার্যক্রম ১৬-টি জায়গায় চালাচ্ছে এবং আগামীতে এই সংখ্যা আরো বাড়বে| এরা দেশের বিভিন্ন প্রান্তের রেস্তোরাঁগলিকে স্থানীয় শেফ-এদের সাহায্যে ত্রাণশিবিরে রূপান্তরিত করেছে| যেসব রেস্তোরাঁ কর্মচারীরা কর্মচ্যুত হয়েছেন, অথবা যাঁদের কাজের সময় ও বেতন অনেকটা কমানো হয়েছে, তাঁদেরকে এরা খাদ্য এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি দিচ্ছে| এই কার্যক্রমে প্রতি রাতে শত শত তৈরি খাবারের প্যাকেট বানানো হচ্ছে যেগুলো ক্ষুধার্ত মানুষেরা বাড়ি নিয়ে যেতে পারেন|

### আমি বিপদগ্রস্ত কিন্তু আমার অভিবাসন সংক্রান্ত অবস্থার কারণে জাতীয় স্তরে আবেদন করতে অসমর্থ| আমি কী করে সাহায্য পেতে পারি

আপনি National Day Laborers Organizing Network for the Immigrant Worker Safety Net Fund(ন্যাশনাল ডে লেবরেরস অর্গানাইজিং নেটওয়ার্ক ফর দ্যা ইমিগ্র্যান্ট ওয়ার্কার সেফটি নেট ফান্ড)-এ আবেদন করতে পারেন| এখানে প্রয়োজনীয় খবরাখবর এবং অর্থনৈতিক সহায়তা সংক্রান্ত তথ্য পাওয়া যাবে যাতে করে এই সকল বাদ যাওয়া কর্মচারীরা তাঁদের নিজেদের এবং পরিবারের জন্য কোনো সুরাহা করতে পারেন| ন্যাশনাল ডে লেবরেরস অর্গানাইজিং নেটওয়ার্ক(NDLON) দিনমজুরদের, অভিবাসীদের এবং স্বল্প-আয়ের কর্মচারীদের জীবনের মান উন্নত করে|এরা অবিচারের স্বীকার কর্মচারীদের মধ্যে নেতৃত্ব এবং আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে যাতে করে তাঁরা পরবর্তী সময় অসাম্যের বিরুদ্ধে প্রতিবাদ করতে পারেন এবং সকলের জন্য শ্রমিক, নাগরিক এবং রাজনৈতিক অধিকার স্থাপন করতে পারেন|
এখনো পর্যন্ত ক্যালিফর্নিয়া হচ্ছে একমাত্র রাজ্য যারা অনথিভুক্ত কর্মচারীদের জন্য একটি তহবিল স্থাপন করেছে| গ্রান্টমাকের্স কন্সার্নড উইথ ইমিগ্রান্টস অ্যান্ড রিফিউজিস(Grantmakers Concerned with Immigrants and Refugees) দ্বারা পরিচালিত এটি একটি পারস্পরিক সহযোগিতামূলক তহবিল| ক্যালিফর্নিয়া-তে মোটামুটি ১.৫ লক্ষ অনথিভুক্ত শ্রমিক আছেন| এনারা প্রত্যেকে $৫০০ অথবা পরিবারপিছু $১০০০ পেতে পারেন| এর জন্য আগামী মে মাসে আবেদন করতে হবে| এখানে বিশদে দেখুন|

এছাড়াও যেসব কর্মচারীদের বেতনের নথি আছে, তাঁরা সাদ্যার্ন স্মোক ফাউন্ডেশন-এর সংকটকালীন ত্রাণ তহবিলে(ক্রাইসিস রিলিফ ফান্ড/crisis relief fund) আবেদন করতে পারেন| তাঁদেরকে কাজের প্রমাণপত্র অথবা ম্যানেজারের যোগাযোগের বিবরণ দিতে হবে যাতে করে তিনি তাঁর কর্মচারীদের যাচাই করতে পারেন| কিন্তু আবেদন করার জন্য কর্মচারীদের সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে না|

### আমার এখুনি আইনি সহায়তা প্রয়োজন| কার কাছে আমি সাহায্য পেতে পারি?

ন্যাশনাল ইমিগ্রেশন ল সেন্টার(National Immigration Law Center) মার্কিন যুক্তরাষ্ট্রের একটি অগ্রণী প্রতিষ্ঠান যারা কেবলমাত্র নিম্ন আয়ের অভিবাসীদের সুরক্ষা এবং তাঁদের অধিকার রক্ষার কাজে নিয়োজিত| কোভিড-১৯ অতিমারীর সময় কম আয়ের অভিবাসী ও তাঁদের পরিবারের সুরক্ষা এবং অধিকার প্রতিষ্ঠার উদ্দেশ্যে এই প্রতিষ্ঠান আরো বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছে|

ProBono.net-এর কার্যক্রম অনলাইন-এ সাহায্য প্রদান করে এবং আপনি তাদের সাইট-এ আইনি সহায়তা পেতে পারেন| এরা বহুদিন ধরে বয়স্ক মানুষদের এবং অভিবাসীদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করছে|

## গার্হস্থ হিংসা

### আমি আমার নিজের বাড়িতে সুরক্ষিত বোধ করি না| আমি কোথায় যোগাযোগ করতে পারি?

মার্কিন যুক্তরাষ্ট্রে এই অতিমারীর সময় গার্হস্থ হিংসার সংখ্যার বৃদ্ধি নথিভুক্ত হয়েছে|RAINN(Rape, Abuse, Incest National Network/বলাৎকার, অপব্যবহার, অজাচার জাতীয় নেটওয়ার্ক) হল রাষ্ট্রের সবথেকে বড় যৌন হিংস্রতা বিরোধী সংস্থা| তারা জাতীয় যৌন আক্রমণ সংক্রান্ত হটলাইন **(800.656.HOPE)** প্রতিষ্ঠা করেছে এবং ১০০০-এর বেশি স্থানীয় যৌন আক্রমণ বিরোধী সাহায্য প্রদানকারীদের সহায়তায় সাহায্য প্রদান করে| RAINN যৌন হিংস্রতা আটকানোর জন্য ও বেঁচে যাওয়া মানুষদের জন্য নানারকম প্রোগ্রাম করে এবং দোষীরা যাতে আইনত শাস্তি পায়ে, তা নিশ্চিত করে|

এই পরিস্থিতিতে সুরক্ষিত থাকার বিষয়ে কিছু উপদেশ দেখুন|

## ছোটদের জন্য তথ্যপঞ্জী

### আমার পরিবার এবং/অথবা আমি নিজে কোভিড-১৯ -এ আক্রান্ত হয়েছি এবং আমার অর্থের সাহায্য প্রয়োজন|

CORE™ হল একটি সংস্থা যারা কেবলমাত্র খাদ্য এবং পানীয় পরিষেবা প্রদানকারী সংস্থার কর্মচারীদের যাদের সন্তান আছে এবং যারা জীবনের গুরুতর পরিবর্তনের সম্মুখীন হয়েছেন, তাদের সাহায্য করার জন্য নিবেদিত| আজ সারা পৃথিবী আমাদের জীবনকালের সবথেকে বড় অতিমারীর সম্মুখীন| এই পরিস্থিতিতে তারা খাদ্য এবং পানীয় পরিষেবা প্রদানকারীর সংস্থার কর্মচারীদের, যাদের সন্তান আছে এবং যারা কোভিড-১৯-এ আক্রান্ত, তাঁদেরকে সাহায্য করছে| এই সাহায্য পেতে গেলে নথিপত্র লাগবে|

### আমি কী করে আমার সন্তানদের সঙ্গে কোভিড-১৯ নিয়ে আলোচনা করব?

ছোটোদের জন্য কোভিড-১৯-এর ওপর এটি একটি দারুন পডকাস্ট|

*যে সমস্ত রেস্তোরাঁ ম্যানেজারেরা কর্মচারীদের সাহায্যের জন্য এ সম্বন্ধে আরো জানতে চান তাঁদেরকে RWCF কমিউনিটি-তে সই করে যোগদান করার জন্য আবেদন করা হচ্ছে। আমাদের নিউজলেটার পাওয়ার জন্য এইখানে সাইন আপ করুন।*
*RWCF একটি রেস্তোরাঁ ম্যানেজারদের নেটওয়ার্ক তৈরি করছে যাতে করে আপনারা একে অপরকে সাহায্য করতে পারেন। রেস্তোরাঁ ম্যানেজারদের নেটওয়ার্ক-এ যোগদান করতে infor@restaurantworkerscf.org-এ ইমেল পাঠান।*

## ***রেস্তোরাঁ ওয়ার্কার্স কমিউনিটি ফাউন্ডেশন(Restaurant Workers' Community Foundation/ RWCF) সম্বন্ধে***

*রেস্তোরাঁ ওয়ার্কার্স কমিউনিটি ফাউন্ডেশন(RWCF) একটি রেস্তোরাঁ কর্মচারীদের জন্য প্রচার এবং উন্নতিসাধনের জন্য একটি অলাভজনক সংস্থা। এটি রেস্তোরাঁ কর্মচারীরা নিজেদের গোষ্ঠীর জন্য স্থাপন করেছেন। RWCF ২০১৮ সালে স্থাপিত হয়। এর মূল উদ্দেশ্য হল রেস্তোরাঁ কর্মচারীদের মধ্যে লিঙ্গবৈষম্য দূর করা, জাতিগত অবিচার রোধ করা, সঠিক বেতন এবং স্বাস্থ্যকর কর্মস্থল নিশ্চিত করা। এর জন্য এরা প্রচার শুরু করে এবং অন্যান্য অলাভজনক সংস্থার জন্য অর্থ সংগ্রহ করে। কোভিড-১৯ অতিমারী শুরু হতে RWCF তাদের অন্যান্য কর্মকান্ডের সঙ্গে এই বিপদের মাঝে রেস্তোরাঁর কর্মচারী এবং ছোট ব্যবসায়ীদের জন্য কোভিড-১৯ ক্রাইসিস রিলিফ ফান্ড স্থাপন করে।*

*মার্কিন যুক্তরাষ্ট্রে RWCF প্রথম অলাভজনক সংস্থা যারা গোষ্ঠীর পারস্পরিক সাহায্যের ভিত্তিতে একটি নির্দিষ্ট শিল্পের শ্রমিকদের সাহায্যের জন্য কাজ শুরু করে। আমরা সম্মিলিত ভাবে রেস্তোরাঁ শিল্পকে সকলের কাছে আরো বেশি অতিথিপরায়ণ করে তুলবার জন্য নিবেদিত। সাধারণ ভাবে (ক্রাইসিস রিলিফ ফান্ড প্রতিষ্ঠা করার আগে) আমাদের মোট সংগৃহিত অর্থের এক-তৃতীয়াংশ ব্যয় হতো প্রচার এবং আমাদের গোষ্ঠীকে জোটবদ্ধ করার জন্য, এক-তৃতীয়াংশ ব্যয় হতো অন্যান্য অলাভজনক সংস্থার অনুদান হিসেবে (যে সব প্রতিষ্ঠান পেশাগত প্রশিক্ষণ, সঠিক বেতন নীতি এবং কর্মচারীদের অধিকার সম্বন্ধে প্রচার করে, অথবা যারা রেস্তোরাঁ কর্মচারীদের মধ্যে লিঙ্গ এবং জাতিগত সমতা, মানসিক স্বাস্থ্য এবং পদার্থের অপব্যবহার রোধে কাজ করে) এবং বাকি এক-তৃতীয়াংশ দিয়ে একটি ইমপ্যাক্ট ইনভেস্টিং ফান্ড তৈরি করা হয়েছে যার দ্বারা আমাদের লক্ষ্য হল এই শিল্পের কর্মচারীদের অধিকার আরো সুনিশ্চিত করা।*

*www.RestaurantWorkersCF.org*
*@RWCFUSA ফেইসবুক, ইনস্টাগ্রাম, টুইটার, ও লিংকডইন-এ*